# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৬৪) মূর্খ ও মিথ্যা প্রতিপন্নকারীদের কুফরী কোন্টি?

উত্তরঃ মূর্খতা ও মিথ্যা প্রতিপন্ন করার কুফরী হচ্ছে, প্রকাশ্যে ও গোপনে ইসলাম প্রত্যাখ্যান করা। মক্কার অধিকাংশ কাফের ও পূর্বকালের কাফেররা নবী-রাসূল ও তাদের সাথে প্রেরিত কিতাবকে মূর্খতা বশতঃ মিথ্যা প্রতিপন্ন করেছিল। তাদের ব্যাপারে আল্লাহ্ তাআলা বলেনঃ

الَّذِينَ كَذَّبُوا بِالْكِتَابِ وَبِمَا أَرْسَلْنَا بِهِ رُسُلَنَا فَسَوْفَ يَعْلَمُونَ

"যারা অস্বীকার করে কিতাব ও ঐ বিষয়, যা সহ আমি রাসূলদেরকে প্রেরণ করেছিলাম, শীঘ্রই তারা জানতে পারবে"। (সূরা মুমিনঃ ৭০) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

وَأَعْرِضْ عَنِ الْجَاهِلِينَ

"আর আপনি মূর্খদেরকে এড়িয়ে চলুন"। (সূরা আ'রাফঃ ১৯৯) আল্লাহ্ তাআলা বলেনঃ

وَيَوْمَ نَحْشُرُ مِنْ كُلِّ أُمَّةٍ فَوْجًا مِمَّنْ يُكَذِّبُ بِآيَاتِنَا فَهُمْ يُوزَعُونَ * حَتَّى إِذَا جَاءُوا قَالَ أَكَذَّبْتُمْ بِآيَاتِي وَلَمْ تُحِيطُوا بِهَا عِلْمًا أَمْ مَاذَا كُنْتُمْ تَعْمَلُونَ

"যেদিন আমি সমবেত করব প্রত্যেক সম্প্রদায় হতে একটি দলকে, যারা আমার নিদর্শনাবলী মিথ্যা প্রতিপন্ন করত এবং তাদেরকে সারিবদ্ধ করা হবে। যখন তারা সমাগত হবে তখন আল্লাহ্ বলবেনঃ তোমরা কি আমার নিদর্শন প্রত্যাখ্যান করেছিলে? আর ওটা তোমরা অবগত হতে পার নি, না তোমরা অন্য কিছু করছিলে"। (সূরা নামলঃ ৮৩-৮৪) আল্লাহ্ তাআ'লা বলেনঃ

بَلْ كَذَّبُوا بِمَا لَمْ يُحِيطُوا بِعِلْمِهِ وَلَمَّا يَأْتِهِمْ تَأْوِيلُهُ

"বরং তারা এমন বিষয়কে মিথ্যা সাব্যস্ত করেছে, যা তাদের বোধগম্য নয়। আর এখনও তাদের কাছে এর বিশ্লেষণ আসেনি"? (সূরা ইউনুসঃ ৩৯) এছাড়াও এ ব্যাপারে আরো অনেক আয়াত রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11978

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন